বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েবসাইটঃ www.bangladeshbank.org.bd

০৫ ভাদ্র ১৪২০ বঙ্গাব্দ
তারিখঃ ------------------
২০ আগষ্ট ২০১৩ খ্রিষ্টাব্দ

এফইআইডি সার্কুলার পত্র নং- ০৭/২০১৩

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮বি ধারার
আওতায় অনুমোদন গ্রহণ ও নবায়ন প্রক্রিয়া উদারিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ২০/০৩/২০১৩ তারিখের এফইআইডি সার্কুলার পত্র নং-০৪/২০১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জ্বালানী (তেল/গ্যাস/বিদ্যুৎ) খাত সংক্রান্ত বিদেশী প্রতিষ্ঠানের এদেশে অবস্থিত শাখা/লিয়াজোঁ অফিসে কর্মরত বিদেশী নাগরিকগণ, যারা এদেশে ০৬ মাস বা তার কম সময়ের জন্য অবস্থান করবে এবং যাদের বেতন-ভাতাদি বিনিয়োগ বোর্ডের অনুমতি সাপেক্ষে মূল প্রতিষ্ঠান কর্তৃক বিদেশে পরিশোধ করা হবে, তাদের ক্ষেত্রে স্থানীয় ব্যাংকে ব্যাংক হিসাব খোলার বাধ্যবাধকতা ছাড়াই বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় অনুমতি প্রদানের জন্য অত্র বিভাগে আবেদন করা যাবে। তবে উক্ত বিদেশী নাগরিকগণের উপর প্রযোজ্য ট্যাক্স অবশ্যই এদেশে পরিশোধ করতে হবে।

এরূপ আবেদন করার ক্ষেত্রে ২০/০৩/২০১৩ তারিখের এফইআইডি সার্কুলার পত্র নং-০৪/২০১৩ এর সাথে সংযোজিত Annexure-2 এর ২নং প্যারায় “We confirm that Mr./Ms. ------------- has been maintaining an account with our branch.” অংশটি পূরণ করার আবশ্যকতা নেই।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

-স্বা/-

(নূরুন নাহার)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫১২৬০৫